# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৫৪

১/ বিবিধ

আরবী

السخي قريب من الله، قريب من الجنة، قريب من الناس، بعيد من النار، والبخيل بعيد من الله، بعيد من الجنة، بعيد من الناس، قريب من النار، وجاهل سخي أحب إلى الله من عابد بخيل
ضعيف جدا

أخرجه الترمذي (3 / 143) والعقيلي " في الضعفاء " (154) ، وابن حبان في " روضة العقلاء " (ص 246) وابن عدي (183 / 2) ، والطبري في " التهذيب " (مسند عمر / 100 / 163) من طريق سعيد بن محمد الوراق عن يحيى بن سعيد عن الأعرج عن أبي هريرة عن النبي صلى الله عليه وسلم مرفوعا، وضعفه الترمذي بقوله: هذا حديث غريب لا نعرفه إلا من حديث سعيد بن محمد، وقد خولف سعيد بن محمد في رواية هذا الحديث عن يحيى بن سعيد، إنما يروي عن يحيى بن سعيد عن عائشة شيء مرسل وقال العقيلي: ليس لهذا الحديث أصل من حديث يحيى ولا غيره
وقال ابن حبان: إن كان حفظ سعيد بن محمد إسناد هذا الخبر فهو غريب غريب
قلت: وسعيد هذا قال ابن معين: ليس بشيء، وقال ابن سعد وغيره: ضعيف، وقال النسائي: ليس بثقة، وقال الدارقطني: متروك
وقد اضطرب في رواية هذا الحديث فمرة رواه كما سبق، ومرة قال: عن يحيى بن سعيد الأنصاري عن محمد بن إبراهيم بن الحارث التيمي عن أبيه عن عائشة مرفوعا به، أخرجه الطبراني في " الأوسط " (1 / 132 / 1 / 2545 - بترقيمي) وقال

لم يروه بهذا الإسناد إلا سعيد، وكذلك رواه الضياء في " المنتقى من مسموعاته بمرو" (2 / 127) إلا أنه لم يقل: عن أبيه، والحديث أورده ابن الجوزي من هذه الطريق وغيرها في " الموضوعات " (2 /180) وقال: لا يصح، ثم بين عللها وتعقبه السيوطي في " اللآليء " (2 / 92 ـ 93) بطرق أخرى ذكرها، وكلها ضعيفة، عند تدقيق النظر فيها، وقد فاته أن الحافظ أبا حاتم قال في حديث الوراق هذا: هذا حديث منكر، وكذا قال أحمد كما في ترجمة سعيد من " التهذيب " وقال أبو حاتم في طريق أخرى للحديث عن عائشة: هذا حديث باطل، وسعيد بن مسلمة ضعيف الحديث أخاف أن يكون أدخل له، انظر " العلل " لابن أبي حاتم (2 / 283 ـ 284)

বাংলা

১৫৪। দানশীল ব্যাক্তি আল্লাহর নিকটবর্তী, নিকটবর্তী জান্নাতের এবং নিকটবর্তী মানুষের আর দূরবর্তী জাহান্নামের। অপরপক্ষে কৃপণ ব্যাক্তি আল্লাহর থেকে দূরে, জান্নাত থেকে দূরে এবং লোকেদের থেকেও দূরে আর নিকটবর্তী জাহান্নামের। অজ্ঞ দানশীল আল্লাহর নিকট বেশী প্রিয় বখীল আবেদ থেকে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি তিরমিযী (৩/১৪৩), উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (১৫৪), ইবনু হিব্বান "রাওযাতুল ওকালা" গ্রন্থে (পৃঃ ২৪৬), ইবনু আদী (২/১৮৩) এবং তাবারী “আত-তাহযীব” গ্রন্থে (মুসনাদু উমার ১০০/১৬৩) সাঈদ ইবনু মুহাম্মাদ আল-ওররাক সূত্রে ... উল্লেখ করেছেন। তিরমিযী বলেছেনঃ এ হাদীসটি গারীব, সাঈদ ইবনু মুহাম্মাদ ছাড়া অন্য কোন মাধ্যমে এটিকে চিনি না, এ কথার দ্বারা তিনি এটিকে দুর্বল আখ্যা দিয়েছেন।

এ সাঈদ সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ তিনি কিছুই না [তাকে মূল্যায়ন করা হয় না]। ইবনু সায়াদ ও অন্যরা বলেনঃ তিনি দুর্বল। নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। দারাকুতনী বলেনঃ তিনি মাতরূক।

এছাড়া এটির সনদে ইযতিরাব সংঘটিত হয়েছে। একবার একজন হতে বর্ণনা করেছেন আবার অন্যজন হতে বর্ণনা করেছেন। ইবনুল জাওযী হাদীসটিকে “আল-মাওযুআত” গ্রন্থে (২/১৮০) উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। অতঃপর তিনি সহীহ না হওয়ার কারণ বর্ণনা করেছেন। আবু হাতিম ওররাকের এ হাদীসটি সম্পর্কে বলেনঃ হাদীসটি মুনকার। ইমাম আহমাদও অনুরূপ কথা বলেছেন। আবু হাতিম হাদিসটির অন্য সুত্রটির সময় বলেছেনঃ এ হাদিসটি বাতিল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5415

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন